অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৪) ধারা মোতাবেক

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

মোকামঃ অর্থঋণ আদালত নং-১, ঢাকা।

**অর্থজারী মোকদ্দমা নং-৫৬৬/২০২৩**

**বেসিক ব্যাংক লিমিটেড, উত্তরা শাখা,** প্রতিনিধিত্বে উহার শাখা ব্যবস্থাপক, ৬৭/এ (২য় তলা), রবীন্দ্র স্মরনী, সেক্টর-০৭, উত্তরা মডেল টাউন, উত্তরা, ঢাকা-১২৩০। ..............**ডিক্রীদার।**

**বনাম**

**১. M/s. Classic Accessories Limited** প্রতিনিধিত্বে উহার ব্যবস্থাপনা পরিচালক মোঃ হাফিজুর রহমান (পান্নু), প্রধান কার্য্যালয়: হাউজ নং-০২ (৫ম তলা), রোড নং-১৩/বি, সেক্টর-১০, উত্তরা, ঢাকা-১২৩০। ফ্যাক্টরীঃ প্লট নং- ৮৮৬, কাঠগড়া, জিরাবো, সাভার, ঢাকা-১৩৪১। **২.** মোঃ হাফিজুর রহমান (পান্নু), ব্যবস্থাপনা পরিচালক, M/s. Classic Accessories Limited পিতাঃ মৃত রাহিজ উদ্দিন, মাতাঃ কমলা বেগম, প্রধান কার্যালয়: হাউজ নং- ০২ (৫ম তলা), রোড নং- ১৩/বি, সেক্টর- ১০, উত্তরা, ঢাকা-১২৩০। ফ্যাক্টরীঃ পট নং- ৮৮৬, কাঠগড়া, জিরাবো থানা- আশুলিয়া, সাভার, ঢাকা- ১৩৪১। স্থায়ী ঠিকানাঃ গ্রাম- ইরতা, পোষ্ট: সহবতপুর- ১৯৩৬, থানাঃ নাগরপুর, জেলাঃ টাঙ্গাইল। **৩.** মোস্তাফিজ মামুন, চেয়ারম্যান, M/s. Classic Accessories Limited পিতাঃ মৃত কে আলী, মাতাঃ মৃত খাদিজা বেগম, প্রধান কার্যালয়: হাউজ নং- ০২ (৫ম তলা), রোড নং- ১৩/বি, সেক্টর- ১০, উত্তরা, ঢাকা- ১২৩০। ফ্যাক্টরীঃ প্লট নং- ৮৮৬, কাঠগড়া, জিরাবো, থানা- আশুলিয়া, সাভার, ঢাকা- ১৩৪১। স্থায়ী ঠিকানাঃ গ্রাম- ইরতা, পোষ্ট: সহবতপুর- ১৯৩৬, থানাঃ নাগরপুর, জেলাঃ টাঙ্গাইল। **৪.** মিসেস মিলিমা রহমান, পরিচালক, M/s. Classic Accessories Limited স্বামীঃ মোঃ হাফিজুর রহমান (পান্নু), স্থায়ী ঠিকানাঃ গ্রাম- ইরতা, পোষ্ট: শহবতপুর- ১৯৩৬। থানাঃ নাগরপুর, জেলাঃ টাঙ্গাইল। প্রধান কার্যালয়: হাউজ নং-০২ (৫ম তলা), রোড নং-১৩/বি, সেক্টর-১০, উত্তরা, ঢাকা- ১২৩০। ফ্যাক্টরীঃ প্লট নং- ৮৮৬, কাঠগড়া, জিরাবো, সাভার, ঢাকা-১৩৪১। **৫.** মোঃ জাকির হোসেন, পরিচালক, M/s. Classic Accessories Limited পিতা: ডঃ লুৎফর রহমান, মাতাঃ জাকিয়া সুলতানা, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- ইরতা, পোষ্ট: শহবতপুর- ১৯৩৬ প্রধান কার্যালয়: হাউজ নং- ০২ (৫ম তলা), রোড নং- ১৩/বি, সেক্টর-১০, উত্তরা, ঢাকা- ১২৩০। ফ্যাক্টরীঃ প্লট নং- ৮৮৬, কাঠগড়া, জিরাবো, সাভার, ঢাকা- ১৩৪১। ................**দায়িকগণ।**

এতদ্বারা ডিক্রীদারের প্রাপ্য **১৪/১০/২০২৩ইং** তারিখ পর্যন্ত **৩,০১,০০,১০২.৯০ (তিন কোটি এক লক্ষ একশত দুই দশমিক নয় শুন্য)** টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদেরকে অত্র বিজ্ঞপ্তি সহ তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা প্রদত্ত দর অংকে ও কথায় জামানতের বিবরণ লিখিয়া সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে। আগামী **০৬/০৫/২০২৪ইং** তারিখে বেলা ০২:০০ ঘটিকার মধ্যে নিলাম ক্রয়ে ইচ্ছুক প্রত্যেক দর দাতাকে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত রেজিষ্ট্রী ডাকযোগে অথবা অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। উক্ত দিবসে উপস্থিত দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি আদালতের বিবেচনা সাপেক্ষে।

## নিলামের শর্তাবলী

০১। আগামী **০৬/০৫/২০২৪ইং** তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

০২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর **"সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র"** লিখে দাখিল করতে হবে।

০৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৪। প্রত্যক দরদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরুপ জজ অর্থঋণ আদালত নং-১, ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০৫। দরদাতা অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

০৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মূখে ঐ একই দিন অর্থাৎ **০৬/০৫/২০২৪ইং** তারিখ বিকেল ২:০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

০৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৮। তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারি, আধা সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

০৯। উপরে বর্ণিত ক্রমিক নং-৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহার অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমস্যা করিবে এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩(৩) অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহবান করিবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপ-ধারা ২(খ) এ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির গুণ, মান, পরিমাণ ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১১। দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেওয়া হইবে।

১২। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করে।

১৩। সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করিতে হইবে।

১৪। আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পণের ব্যবস্থা করা হইবে।

১৫। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

## Schedule Of The Properties

**Schedule-1:** All that piece and parcel of land measuring **37.75 (Thirty Seven point Seven Five)** decimals situated within District- Dhaka, Police Station & Sub-Registry Office- Ashulia, bearing J. L. Nos. C. S-562, S. A-77, R. S-76, under Mouza- Dhananjoypur, pertaining to Khatian Nos. C. S- 32, S. A- 79 & 80, R. S- 147, corresponding Dag Nos. C. S & S. A-11 (Eleven), R. S- 405 (Four Hundred Five) and 406 (Four Hundred Six), which corresponds to Mutation Khatian No. 147 / Kat; being butted & bounded by: On the North - Owner's land, On the South- Owner's land, On the East-Lal Miah & On the West- Road & Lal Mia and others.

**Schedule-ii:** All that piece and parcel of land measuring **9.25 (Nine point Two Five)** decimals situated within District - Dhaka, Police Station & Sub- Registry Office- Ashulia, bearing J. L. Nos. C. S-562, S. A- 77, R. S- 76, under Mouza- Dhananjoypur, pertaining to Khatian Nos. C. S-32, S. A- 79 & 80, R. S. 147, corresponding Dag Nos. C. S & S. A- 11 (Eleven), R. S- 403 (Four Hundred Three), 404 (Four Hundred Four) and 405 (Four Hundred Five); being butted & bounded by: On the North - Owner's land; On the South- Owner's land; On the East- Lal Miah & On the West- Road & Lal Mia and others.

**আদেশক্রমে-সেরেস্তাদার**
অর্থঋণ আদালত নং-১, ঢাকা।

**দৈনিক আমাদের সময় ও দৈনিক বাংলাদেশ বুলেটিন**
প্রকাশ: ০১/০৪/২০২৪ইং